



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

স্বষ্টিকরণসহ একই স্মারক ও তারিখে সংশোধিত

স্মারক নং : উমা/পরী/২০২৪/২০৭৯

তারিখ : ০৩/০৯/২০২৪ খ্রি.

এইচএসসি পরীক্ষা-২০২৪ এর জরুরী বিজ্ঞপ্তি

এইচএসসি পরীক্ষা-২০২৪ এ অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীর নিম্ন বর্ণিত তথ্য প্রেরণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ মহোদয়গণকে অনুরোধ করা হলো।

১. ১৯৯৬ সালের পূর্বে এসএসসি পাস করা প্রাইভেট পরীক্ষার্থীদের এসএসসি পাসের নম্বর পত্রের ফটোকপি (সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক যাচাইকৃত) এবং এইচএসসি পরীক্ষা-২০২৪ এর প্রবেশপত্রের ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়ন করে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এর উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় (কক্ষ নং-৩২২) হাতে হাতে জমা দিতে হবে।

২. যে সকল পরীক্ষার্থী বিদেশ হতে জেএসসি/সমমান (প্রযোজ্য ক্ষেত্রে) ও এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সে সকল পরীক্ষার্থীদের একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র (নম্বর/গ্রেড প্রদান পদ্ধতির প্রমাণক কাগজ পত্রসহ কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির সময় ঢাকা শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত সমতুল্য একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র) এবং এইচএসসি পরীক্ষা-২০২৪ এর প্রবেশপত্রের ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়ন করে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এর উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় (কক্ষ নং-৩২২) হাতে হাতে জমা দিতে হবে।

৩. যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষাবোর্ড, মাদ্রাসা শিক্ষাবোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে জেএসসি/সমমান ও এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদের জেএসসি/সমমান ও এসএসসি/সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও এইচএসসি পরীক্ষা-২০২৪ এর প্রবেশপত্রের ফটোকপি ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ কর্তৃক সত্যায়ন করে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এর উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় (কক্ষ নং-৩২২) হাতে হাতে জমা দিতে হবে।

৪. সকল পরীক্ষার্থীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT, বিষয় কোড-২৭৫) বিষয়ের ব্যবহারিক পরীক্ষার প্রাপ্ত নম্বর (শ্রেণী কার্যক্রম চলাকালে প্রাপ্ত) পূর্বের ন্যায় কেন্দ্র হতে অনলাইনে প্রেরণ করে এর প্রিন্টকপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে। (কোন অবস্থাতেই ব্যবহারিক পরীক্ষার অজুহাতে পরীক্ষার্থীদের কলেজে আনা যাবে না)

৫. অনূষ্ঠিত পরীক্ষাগুলোতে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক অনুপস্থিত ও বহিষ্কৃত পরীক্ষার্থীদের তালিকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এর উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় (কক্ষ নং-৩২২) হাতে হাতে জমা দিতে হবে।

৬. অনূষ্ঠিত পরীক্ষাগুলোতে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক স্বাক্ষরলিপি এককপি কেন্দ্রে সংরক্ষণ করে মূলকপি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এর উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় (কক্ষ নং-৩২২) হাতে হাতে জমা দিতে হবে।

উল্লিখিত সকল তথ্য ও কাগজপত্র আগামী ১২/০৯/২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

প্রাপক:

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ

এ বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষা-২০২৪ এর সকল কেন্দ্র/কলেজ।